

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অ্যাটর্নি জেনারেল অফিস
বাংলাদেশ সুপ্রীমকোর্ট এলাকা, ঢাকা।

বিজ্ঞপ্তি

নং ৩২০ (আই)/২০২১-এজি.

তারিখঃ ০২/০৮/২০২১ খ্রী:


বিষয় : অ্যাটর্নি জেনারেল অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অ্যাটর্নি জেনারেল অফিসের যে, সকল কর্মকর্তা ও কর্মচারী এখনও কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করেননি তাদেরকে নিবন্ধন সম্পন্ন করে আগামী ১৬/০৮/২০২১খ্রি: এর মধ্যে কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। অ্যাটর্নি জেনারেল অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী ভ্যাকসিন গ্রহণ সম্পর্কিত টিকা কার্ড/টিকা সনদ আগামী ২২/০৮/২০২১ খ্রি: হতে ৩১/০৮/২০২১ খ্রি: এর মধ্যে প্রশাসনিক শাখায় জমা প্রদান করবেন।

০৩। উক্ত সময়ের মধ্যে যুক্তিসঙ্গত কারণ ব্যতীত ভ্যাকসিন গ্রহণ না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বেতন বন্ধসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।


০২/০৮/২০২১

(মোঃ নাসির উদ্দিন)

প্রশাসনিক কর্মকর্তা

অ্যাটর্নি জেনারেল অফিস